# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৫

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে জোরে বিসমিল্লাহির রাহমানির রাহীম পড়া।

باب مَنْ رَأَى الْجَهْرَ بِـ (بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ )

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ الضَّبِّيُّ، حَدَّثَنَا الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ، قَالَ حَدَّثَنِي إِسْمَاعِيلُ بْنُ حَمَّادٍ، عَنْ أَبِي خَالِدٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَفْتَتِحُ صَلاَتَهُ بِـ (بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ لَيْسَ إِسْنَادُهُ بِذَاكَ . وَقَدْ قَالَ بِهَذَا عِدَّةٌ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْهُمْ أَبُو هُرَيْرَةَ وَابْنُ عُمَرَ وَابْنُ عَبَّاسٍ وَابْنُ الزُّبَيْرِ وَمَنْ بَعْدَهُمْ مِنَ التَّابِعِينَ رَأَوُا الْجَهْرَ بِـ (بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) وَبِهِ يَقُولُ الشَّافِعِيُّ . وَإِسْمَاعِيلُ بْنُ حَمَّادٍ هُوَ ابْنُ أَبِي سُلَيْمَانَ . وَأَبُو خَالِدٍ يُقَالُ هُوَ أَبُو خَالِدٍ الْوَالِبِيُّ وَاسْمُهُ هُرْمُزُ وَهُوَ كُوفِيٌّ .

বাংলা

২৪৫. আহমদ ইবনু আবদা (রহঃ) ....... ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিসমিল্লাহির রাহমানির রাহীমের মধ্যে তাঁর সালাত শুরু করতেন। - তিরমিজী হাদিস নম্বরঃ ২৪৫ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ এই হাদিসটির সনদ তেমন শক্তিশালী নয়। আবূ হুরায়রা, ইবন উমর, ইবনু আব্বাস, ইবনুয যুবায়র রাদিয়াল্লাহু আনহুম এর মত কতিপয় সাহাবী ও তাঁদের পরবর্তী কিছু তাবিঈ সালাতে বিসমিল্লাহির রাহমানির রাহীম জোরে পড়ার অভিমত ব্যক্ত করেছেন। ইমাম শাফিঈ, ইসামঈল ইবনু হাম্মাদ ইনি হলেন ইবনু আবী সুলায়মান, আবূ খালিদ (রহঃ) ও অনুরূপ অভিমত দিয়েছিন। এই আবূ খালিদ হলেন আবূ খালিদ আল ওয়লিবী, তাঁর নাম হল হুরমুয। ইনি ছিলেন কুফার বসিন্দা।

## English

Ibn Abbas narrated:

"The Prophet would open his Salat with (Bismillahir-Rahmanir-Rahim)."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17434

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন